- গ্যাস নিরাপত্তা পরীক্ষা সম্পর্কে যদি আপনার কোন তথ্য কিংবা সহোযোগিতা বা পরামর্শের দরকার হয় তাহলে অনুগ্রহপূর্বক ০৮০০ ০৫২ ৯৯২২ নম্বরে আমাদের কাস্টমার সার্ভিস টীমকে ফোন করুন।

জরুরী দরকার হলে

আমরা নিচে উল্লেখিত কাজগুলো করব।

- গ্যাস লিক সম্পর্কে জানানোর দুই ঘন্টার মধ্যে তার নিরাপত্তার ব্যবস্থা করব। এক কার্যদিবসের মধ্যে আমরা আবার এসে মেরামতের কাজ শেষ করব।
- আমাদেরকে জানানোর চার ঘন্টার মধ্যে সকল হিটিং সংক্রান্ত গ্যাস ও পানি লিকের নিরাপত্তার ব্যবস্থা করব। এক কার্যদিবসের মধ্যে আমরা আবার এসে মেরামতের কাজ শেষ করব।
- ১লা অক্টোবার থেকে ৩০শে এপ্রিলের মধ্যে গ্যাস সেন্ট্রাল হিটিং ও পানি হিটিং সংক্রান্ত মেরামত এক কার্যদিবসে শেষ করার চেষ্টা করব এবং ১লা মে থেকে ৩০শে সেপ্টেমরের মধ্যে তা তিন কর্য দিবসে শেষ করব।
- **এই সময় সীমার মধ্যে যদি আমরা কাজ শেষ করতে না পারি তাহলে ব্যবহারের জন্য আপনাদেরকে আমরা পোর্টাবল বৈদ্যুতিক হিটার প্রদান করব।**

দয়া করে মনে রাখবেন, জরুরী অবস্থায় আপনার ঘরে আমাদেরকে প্রবেশ করতে হবে। **আপনার গ্যাস উপকরণগুলো পরীক্ষা করার জন্য আমরা যদি আপনার ঘরে প্রবেশ করতে না পারি তাহলে আপনাদের স্বাস্থ্য ঝুঁকির মধ্যে থাকতে পারে।**

বিস্তারিত তথ্যের জন্য কিংবা সহোযোগিতা বা পরামর্শের জন্য অনুগ্রহপূর্বক ০৮০০ ০৫২ ৯৯২২ নম্বরে আমাদের কাস্টমার সার্ভিস টীমকে ফোন করুন।

You can ask for this leaflet in large print, on audio tape or in another language. Please contact us on 020 8709 4300.

আপনি এই লিফলেটটি বড় ছাপায়, অডিও টেপে বা অন্য যে কোন ভাষায় পেতে পারেন। দয়া করে আমাদের সাথে যোগাযোগ করুন ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে। [Bengali]

Waxaad dalban kartaa warqaddan oo ku daabacan farta waawayn, iyadoo ku duuban cod ama ku tarjuman luqadaha beesha. fadlan nagala soo xidhiidh telefoonka ah 020 8709 4300. [Somali]

Możesz poprosić o tę ulotkę drukowaną dużą czcionką, w postaci zapisu audio lub w innym z języków społeczności. Skontaktuj się z nami pod numerem telefonu 020 8709 4300. [Polish]

Quý vị có thể xin tờ rơi (tờ thông tin) này bằng khổ chữ lớn, băng ghi âm hoặc tiếng nói khác trong cộng đồng. Xin vui lòng liên lạc với chúng tôi, điện thoại số 020 8709 4300. [Vietnamese]

你可要求這份單張的大字印刷本、錄音或其他社區語言的版本，請致電 020 8709 4300 與我們聯絡。 [Chinese]

آپ یہ کتابچہ بڑے حروف، آڈیو یا کسی دوسری کمیونٹی زبان میں طلب کر سکتے ہیں۔ براہ مہربانی ہم سے فون نمبر 020 8709 4300 پر رابطہ کریں۔ [Urdu]

Awarded for excellence

INVESTOR IN PEOPLE

North River Alliance

Gateway Housing Association
409-413 Mile End Road, London, E3 4PB
Residents: 020 8709 4300
General enquiries: 020 8709 4409
Fax: 020 8709 4400
Email: enquiries@gatewayhousing.org.uk
www.gatewayhousing.org.uk

আমরা আপনাদেরকে যে সার্ভিসগুলো প্রদান করব এই লিফলেটের মাধ্যমে সেসম্পর্কে তথ্য প্রদান করা হল। টেন্যান্সি এগ্রিমেন্ট অনুযায়ী আপনার যে অধিকারগুলো আছে এই লিফলেট তাতে কোন পরিবর্তন আনবে না। **এই লিফলেটটি তৈরী করতে যে বাসিন্দারা সাহায্য করেছেন তাদেরকে অনেক অনেক ধন্যবাদ।**

Published December 2009

১০

গ্যাস নিরাপত্তা পরীক্ষা

Gas-safety checks
– Bengali translation

gateway
housing association

আপনার বাড়ির মালিক হিসেবে, আইনী বাধ্যবাধকতার ফলে, আমাদেরকে নিজস্ব ও দায়িত্বশীল প্রতিটি গ্যাস উপকরণ যেমন সেন্ট্রাল-হিটিং ও গ্যাস হিটারের নিরাপত্তা পরীক্ষা করে দেখতে হয়। এ ছাড়াও বিস্ফোরণ বা কার্বন মনোক্সাইড বিষক্রিয়া এড়াতে গ্যাস পাইপের কোথাও ছিদ্র আছে কি না তা আমরা অবশ্যই পরীক্ষা করে দেখি।

আইনগত কারনে, বছরে একবার আমাদের প্রতিটি ভাড়া বাড়ির গ্যাস নিরাপত্তা পরীক্ষা করে দেখা হয়।

আমাদেরকে এই পরিদর্শনে সহোযোগিতা না করলে আপনার বিরুদ্ধে আমরা আইনগত ব্যবস্থা নিতে পারি।

গ্যাস নিরাপত্তা পরীক্ষা

আমাদের প্রতিশ্রুতির অংশ হিসাবে নিচে উল্লেখিত কাজগুলো আমরা করব:

- করগি (সার্টিফিকেট ফর রেজিস্টার্ড গ্যাস ইনস্টলারস) নিবন্ধিত ইঞ্জিনিয়ারদের নিয়োগ দেব যারা আপনার বাড়ি পরিদর্শনের সময় আপনাদেরকে তাদের পরিচয়পত্র দেখাবেন।
- আপনার বাড়িতে (কেবলমাত্র ভাড়া বাড়িগুলোতে) আমাদের নিজস্ব যেসব গ্যাস উপকরণ রয়েছে সেগুলো বছরে কমপক্ষে একবার পরীক্ষা করে দেখা হবে।
- কমপক্ষে দুই দিনের নোটিশে আপনার সুবিধামত দেখা করার সময় ঠিক করা হবে।
- নিচে উল্লেখিত দিনগুলোর নির্ধারিত সময়ে আপনার বাড়ি পরিদর্শনে আসব। সোমবার থেকে শুক্রবার: সকাল ৯টা থেকে বেলা ১টা ও বেলা ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।
- তৃতীয় এ্যাপয়েন্টমেন্টেও যদি গ্যাস ইঞ্জিনিয়ার আপনার বাড়িতে ঢুকতে না পারেন তাহলে আপনার কাছে আমরা একটি 'প্রবেশের জন্য চিঠি বা এ্যাকসেস লেটার' পাঠাব। গ্যাস নিরাপত্তা পরীক্ষা করে দেখার জন্য গ্যাস ইঞ্জিনিয়ারদেরকে আপনার বাড়িতে প্রবেশ করতে দেয়ার নিয়ম মাফিক অনুরোধ জানিয়ে এই চিঠিটি আপনার কছে পাঠানো হবে। এর পরেও যদি আপনি আপনার বাড়িতে গ্যাস ইঞ্জিনিয়ারদেরকে প্রবেশ করতে না দেন তাহলে আদালতের আদেশ জারি করার মাধ্যমে আপনার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে। এটি হচ্ছে আদালত কর্তৃক প্রদত্ত একটি আদেশনামা যা আপনার বাড়িতে গ্যাস ইঞ্জিনিয়ারদের প্রবেশ করতে দিতে আপনাকে বাধ্য করবে।

বিস্ফোরণ বা কার্বন মনোক্সাইড বিষক্রিয়া থেকে আপনাকে ও আপনার প্রতিবেশীদের বাঁচাতে আমরা এই গ্যাস নিরাপত্তা পরীক্ষা করে থাকি।

বাড়িতে আপনার নিজের যেসব গ্যাস উপকরণ ও গ্যাস বা ধোয়া নির্গমণ পাইপ আছে তা দেখাশুনা করা আপনার দায়িত্ব। তাই প্রতিবছর কমপক্ষে একবার করগি নিবন্ধিত কোন বিশেষজ্ঞ বা স্পেশালিস্ট দ্বারা আপনার এই উপকরণগুলো পরীক্ষা করানো উচিত।

কোন গ্যাস যন্ত্রপাতির নিরাপত্তা নিয়ে আপনি যদি উদ্বিগ্ন হন তাহলে সেটি বন্ধ করে দিন এবং করগি-নিবন্ধিত কোন গ্যাস ইঞ্জিনিয়ার কর্তৃক তা পরীক্ষা না করা পর্যন্ত বন্ধ রাখুন।

গ্যাস নিরাপত্তা পরীক্ষা করার সময় কি করা হয়?

একজন করগি-নিবন্ধিত গ্যাস ইঞ্জিনিয়ার নিচে উল্লেখিত কাজগুলো করবেন:

- যে উপকরণটি নিয়ে তিনি কাজ করবেন তার চারপাশের নিরাপত্তা নিশ্চিত করবেন যেমন ডাস্ট শীট ব্যবহার করবেন।
- গ্যাস মিটার ও বয়লার বা হিটারের মাঝখানের পাইপে কোন ছিদ্র আছে কিনা তা পরীক্ষা করে দেখবেন।
- আমাদের মালিকানাধীন যেসব গ্যাস উপকরণ আছে (যেমন বয়লার ও গ্যাস ফায়ার) সেগুলো প্রস্তুতকারীর পরামর্শ অনুযায়ী সার্ভিসিং করবেন।
- গ্যাস উপকরণগুলো যেসব পাইপের সাথে সংযুক্ত তা পরীক্ষা করে দেখবেন।
- ভেন্টিলেশন স্থাপন করা হয়েছে কিনা এবং তা বন্ধ হয়ে আছে কিনা তা পরীক্ষা করে দেখবেন।
- গ্যাস উপকরণগুলো আবার প্রতিস্থাপন করবেন এবং সবগুলো যেন ঠিকমত কাজ করে তা নিশ্চিত করবেন।
- পরীক্ষার ২৮ দিনের মধ্যে আপনার কাছে গ্যাস নিরাপত্তা রেকর্ডের একটি কপি পাঠিয়ে দেবেন (সিপি ১২ ফরম)।

গ্যাস নিরাপত্তা পরীক্ষা ও তা সার্ভিস করার জন্য ১ঘন্টারও কম সময় লাগবে। তবে তা নির্ভর করবে আপনার বাড়িতে থাকা উপকরণের ধরণ ও সংখ্যার উপর।

আপনার দায়িত্ব

আপনি যদি টেন্যান্ট হন

- আমরা আপনার বাড়িতে যেসব গ্যাস উপকরণ ও গ্যাস নির্গমণের পাইপ স্থাপন করেছি সেগুলোর নিরাপত্তা পরীক্ষা করার জন্য আমাদের একজন গ্যাস ইঞ্জিনিয়ারকে আপনার বাড়িতে প্রবেশ করতে দেয়া উচিত। এটি আপনার নিরাপত্তার জন্য করা উচিত এবং আপনি যদি এ ব্যাপারে সহোযোগিতা না করেন তাহলে আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হতে পারে।

আপনি যদি লীজহোল্ডার হয়ে থাকেন

- সকল নিরাপত্তা পরীক্ষার কাগজপত্র কমপক্ষে দু বছর জমা রাখুন।

আপনি যদি বাড়ির মালিক হন

- পরিদর্শনের ২৮ দিনের মধ্যে আপনার টেন্যান্টকে গ্যাস নিরাপত্তার সনদের অনুলিপি বা কপি প্রদান করুন।
- আপনার নতুন টেন্যান্টকে বাড়িতে ওঠার আগেই বর্তমান গ্যাস নিরাপত্তার অনুলিপি বা কপি দিন।

বিস্তারিত জানার জন্য www.hse.gov.uk/gas ওয়েবসাইট ভিজিট করুন।

আপনি কিভাবে আমাদেরকে সাহায্য করতে পারেন

বিষাক্ত ধোঁয়া যাতে নিরাপদে বের হয়ে যেতে পারে তার জন্য গ্যাস হিটার ও বয়লারের সাথে সঠিক নির্গমণ পাইপ বা ভেন্টিলেশনের দরকার।

আমরা প্রতিবছর আমাদের গ্যাস উপকরণগুলো সার্ভিস করব। সেগুলো যাতে বন্ধ হয়ে না থাকে তা নিশ্চিত করে আপনি আমাদেরকে সাহায্য করতে পারেন।

বাথরুমে গ্যাস ও পানির হিটারের ব্যাপারে আপনাকে অধিক সতর্ক থাকতে হবে। ধোয়া নির্গমণ পাইপ যাতে খোলা থাকে তা নিশ্চিত করুন এবং দরজা বা জানালা খুলে দিয়ে পর্যাপ্ত ভেন্টিলেশনের ব্যবস্থা করুন।

আপনি নিজে কখোনই কোন গ্যাস ত্রুটি মেরামত করার চেষ্টা করবেন না।

গ্যাস নিরাপত্তা

আপনার ঘরে যদি কখোনও গ্যাসের গন্ধ পান তাহলে নিচে উল্লেখিত দক্ষেপগুলো গ্রহণ করুন।

- **মিটার থেকে গ্যাস সরবরাহ বন্ধ করে দিন।**
- ইলেক্ট্রিক কোন জিনিস চালু বা বন্ধ করবেন না। এতে স্ফুলিঙ্গের বা স্পার্কের সম্ভাবনা রয়েছে এবং গ্যাস বের হলে বিস্ফোরণ ঘটতে পারে।
- ঘরের ভেতরে আপনার ফোন ব্যবহার করবেন না। কারন এতে স্ফুলিঙ্গ বা স্পার্ক সৃষ্টি হতে পারে।
- ধূমপান করবেন না বা উন্মুক্ত কোন আলো ব্যবহার করবেন না।
- ঘরের দরজা জানালাগুলো খুলে দিন।
- আপনি কোন গ্যাস উপকরণ চালু করে রেখেছেন কিনা কিংবা পাইলট লাইট নষ্ট হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখুন।
- বাহিরে বের হউন এবং ন্যাশনাল গ্রিডের ২৪-ঘন্টা হেল্পলাইনের ০৮০০ ১১১ ৯৯৯ নম্বরে ফোন করুন। গ্যাস ইঞ্জিনিয়ার আসলে তাকে ঢুকতে দেয়ার জন্য সেখানে কাউকে থাকতে হবে। গ্যাস লিক মেরামত যদি আমাদের দায়িত্বের মধ্যে পরে তাহলে তারা আমাদের সাথে যোগাযোগ করবেন।